



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশাসন/ কুমিল্লা-৩৪৫/ ০৭৬

তারিখঃ ১৬/০৮/২০১৮খ্রিঃ


**বিষয় :** পদত্যাগ জনিত কারণে ম্যানেজিং কমিটির সভাপতি পুনরায় মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার বুড়িচং উপজেলাধীন রামপুর হাজী আফছার উদ্দিন ইসলামিয়া মহিলা দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি আলহাজ্ব এড: নুরুল আমিন ভূঁইয়া শারীরিক অসুস্থতা জনিত কারণে স্বেচ্ছায় পদত্যাগপত্র দাখিল করেছেন। মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার পুনরায় সভাপতি মনোনয়নের জন্য সভাপতির পদত্যাগপত্র ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করেছেন।

২) দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৮(৫) অনুসারে নির্বাচন পরিচালনাকারী প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে ম্যানেজিং কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে জনাব এস এ কাসেম ভূঁইয়া শিল্পপতি, পিতা: মৃত হাজী আফছার উদ্দিন ভূঁইয়াকে সভাপতি হিসাবে নির্বাচন করে সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বিগত ০৮/০১/২০১৭খ্রিঃ তারিখের নং-বামাশিবো/প্রশা/৩১/নথি নং-কুমিল্লা-৩৪৫ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি পদ হতে জনাব আলহাজ্ব এড: নুরুল আমিন ভূঁইয়াকে অব্যাহতি প্রদান করা হলো। এতদসঙ্গে ম্যানেজিং কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য জনাব এস এ কাসেম ভূঁইয়া শিল্পপতি, পিতা: মৃত হাজী আফছার উদ্দিন ভূঁইয়াকে সভাপতি পদে মনোনয়ন প্রদান করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
12.08.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার, রামপুর হাজী আফছার উদ্দিন ইসলামিয়া মহিলা ~~দাখিল~~ দাখিল মাদ্রাসা  
ডাকঘর- রামপুর, বুড়িচং, কুমিল্লা।

নং- বামাশিবো/প্রশা/ কুমিল্লা-৩৪৫/ ০৭৬

তারিখঃ ১৬/০৮/২০১৮খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-**

১. উপজেলা নির্বাহী অফিসার, বুড়িচং, কুমিল্লা।
২. জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বুড়িচং, কুমিল্লা।
৪. ম্যানেজার, সোনালী/রূপালী/জনতা/অগ্রণী ব্যাংক লিমিটেড, .....শাখা, বুড়িচং, কুমিল্লা।
৫. জনাব আলহাজ্ব এড: নুরুল আমিন ভূঁইয়া, সভাপতি (অব্যাহতি প্রাপ্ত), রামপুর হাজী আফছার উদ্দিন ইসলামিয়া মহিলা দাখিল ~~দাখিল~~ মাদ্রাসা, ডাকঘর- রামপুর, বুড়িচং, কুমিল্লা।
৬. জনাব এস এ কাসেম ভূঁইয়া শিল্পপতি, পিতা: মৃত হাজী আফছার উদ্দিন ভূঁইয়া, গ্রাম: রামপুর, ডাকঘর- রামপুর, বুড়িচং, কুমিল্লা।
৭. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৪৮৭৪